৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার নং - ০২/২০২২

তারিখ: ১১ মাঘ, ১৪২৮
২৫ জানুয়ারি, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলি ব্যাংক
সকল মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার
সকল পেমেন্ট সার্ভিস প্রোভাইডার
সকল পেমেন্ট সিস্টেমস্ অপারেটর

প্রিয় মহোদয়,

**কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।**

করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক ২৩/০১/২০২২ তারিখে জারিকৃত স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৪. ১৬.০০১.২১.১৪২ এবং সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন (ডিওএস) কর্তৃক ২৪/০১/২০২২ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং - ০৪ এর অনুবৃত্তিক্রমে নিরবচ্ছিন্ন পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্তে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নিম্নোক্ত ব্যবস্থাদি অনুসরণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো:

(ক) কোভিড-১৯ উদ্ভূত যে কোন পরিস্থিতিতে (যেমন: সীমিত লোকবল দিয়ে শাখা পরিচালনা অথবা সীমিত শাখা দিয়ে কার্যক্রম পরিচালনা ইত্যাদি) সার্বক্ষণিক নিরবচ্ছিন্ন পরিশোধ সেবা নিশ্চিত করতে হবে। এজন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কার্যকর Business Continuity Plan (BCP) প্রণয়ন করবে ও তাৎক্ষণিকভাবে তা বাস্তবায়নের জন্য প্রস্তুত থাকবে;

(খ) শাখা/অফিসে জনসমাগম নিরুৎসাহিতকরণ ও হ্রাসকল্পে গ্রাহকগণ যাতে শারীরিক উপস্থিতি ব্যতীত প্রযুক্তি নির্ভর পরিশোধ সেবা (যেমন: মোবাইল এপ্লিকেশন ভিত্তিক ব্যাংকিং, ই-ওয়ালেট ভিত্তিক লেনদেন, Card Not Present (CNP) লেনদেন, Near Field Communication (NFC) ভিত্তিক Card লেনদেন ইত্যাদি) গ্রহণের জন্য গ্রাহকগণকে উৎসাহিত করতে হবে এবং ব্যাংক ও সকল ধরণের পরিশোধ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান তাঁদের প্রযুক্তি নির্ভর পরিশোধ সেবার প্রাপ্যতা নিশ্চিত করবে;

(গ) প্রয়োজনীয় ক্ষেত্রে গ্রাহকগণের নগদ অর্থের চাহিদা পূরণকল্পে বিভিন্ন ক্যাশ-আউট পয়েন্টে (যেমন: এটিএম, এমএফএস এজেন্ট পয়েন্ট ইত্যাদি) পর্যাপ্ত নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করতে হবে;

(ঘ) বিশেষ পরিস্থিতিতে সাইবার আক্রমণের শংকা বৃদ্ধি পায় বিধায় ব্যাংক ও সকল ধরণের আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিজ নিজ সিস্টেম অবকাঠামোর সাইবার ঝুঁকি প্রতিরোধ পরিকল্পনা প্রণয়ন ও কার্যকর করার বিষয়ে (প্রয়োজন অনুসারে) কার্যক্রম গ্রহণ করবে;

(ঙ) ব্যাংক ও সকল ধরনের আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে নিজ প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের এবং গ্রাহকগণকে কোভিড-১৯ এর বিস্তার প্রতিরোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করতে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে; এবং

(চ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপকালীন সময়ে সকল ধরনের পরিশোধ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংক এর এতদ্‌সংক্রান্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মেজবাউল হক)
মহাব্যবস্থাপক

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd